গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

**পীরগঞ্জ সরকারি কলেজ**

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EIIN: 128965
অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০১

বিজ্ঞপ্তি নং- ১৮৫

তারিখ: ২১/০৫/২০২৪খ্রি.

## ॥ বিজ্ঞপ্তি ॥

### স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তির আবেদন এন্ট্রির সময়সীমা বর্ধিতকরণ বিজ্ঞপ্তি ২০২৪

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২১-২২ (ডিগ্রি ১ম বর্ষ) শিক্ষাবর্ষে অধ্যয়নরত/ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি পাওয়ার লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে এই লিংকের মাধ্যমে https://estipend.pmeat.gov.bd আবেদন করতে বলা হলো।

**আবেদনের সময়সূচি:**

শিক্ষার্থীদের নিজ উদ্যোগে এই https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারে অনলাইনে আবেদন করার তারিখ ও সময় ২৩ মে ২০২৪খ্রি. থেকে ৩০ মে ২০২৪খ্রি. পর্যন্ত সময় বর্ধিত করা হলো।

**উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলি:**

ক) স্নাতক ও সমমান পর্যায়ে অধ্যায়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে;

খ) শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে;

গ) শিক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রকাশিত ফলাফলে শতকরা ন্যূনতম ৬০ভাগ নম্বরপ্রাপ্ত/জিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫/সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ প্রাপ্ত হতে হবে।

ঘ) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে।

ঙ) প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০ তম গ্রেডের সকল কর্মচারীর সন্তান উপবৃত্তি প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে; এবং

চ) বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

২১/৫/২৪
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও।

২১/৫/২৪
আহবায়ক
মো. রবিউল আউয়াল
(সহকারি অধ্যাপক, দর্শন)
বৃত্তি ও উপবৃত্তি কমিটি ২০২৪
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও।